



১১৬৭৭

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



স্মারক নং- বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১০৯৩৯০১/গাজীপুর-১৫৪/১২৬০/৬

তারিখঃ ২৬.১০.২০১৮খ্রিঃ

বিষয়ঃ অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ নং- বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১০৯৩৯০১/২৮০১/৭/গাজীপুর-১৫৪; তারিখঃ ৩০.০১.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গাজীপুর জেলার শ্রীপুর উপজেলাধীন সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসার সহকারী মৌলভী আঃ মতিনকে তাঁর চাহিদানুযায়ী অতিরিক্ত বেতন স্কেল না দেয়ায় হিংসার বসবর্তি হয়ে কতিপয় শিক্ষক/কর্মচারীদের সমন্বয়ে ম্যানেজিং কমিটি ভাঙ্গার চেষ্টা করছেন মর্মে মাদ্রাসার সুপার মোঃ নুরুল আমিন মৃধা অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন। দাখিলকৃত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রে উল্লিখিত স্মারকে ইতোপূর্বে পত্র দেয়া হয় কিন্তু অদ্যাবধি কোন প্রতিবেদন পাওয়া যায়নি (কপি সংযুক্ত)।

পরবর্তীতে সুপার মোঃ নুরুল আমিন মৃধা পুনরায় সহকারী মৌলভী আঃ মতিন এর বিরুদ্ধে প্রাণ নাশের হুমকিসহ বিভিন্ন ধরনের প্রতিবন্ধকতা, বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত কমিটি গঠন করতে না পেরেও কাগজপত্র সৃজন করে কমিটি অনুমোদনের জন্য বোর্ডে আবেদন দাখিল করার বিষয়ে পুনরায় অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

অপরদিকে সহকারী মৌলভী আঃ মতিনসহ কতিপয় শিক্ষক-কর্মচারীবৃন্দ ম্যানেজিং কমিটির সভাপতির অনিয়ম ও স্বেচ্ছাচারিতার কারণে কমিটি বিলুপ্ত করার জন্য আবেদন দাখিল করেছেন। পরবর্তীতে মোঃ আঃ লতিফ মন্ডল (নেবগঠিত কমিটির সভাপতি) কমিটি অনুমোদনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর এর মাধ্যমে কমিটি অনুমোদনের জন্য বোর্ডে দাখিল করেছেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় উপরিলিখিত অভিযোগসমূহ ও মাদ্রাসার সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য তাঁকে অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক ১৭ (সতের) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রারবাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮প্রাপকঃ উপজেলা নির্বাহী অফিসার
শ্রীপুর, গাজীপুর।

স্মারক নং- বামাশিবো/প্রশাসন/২৩৩১৮১০৯৩৯০১/গাজীপুর-১৫৪/১২৬০/৬

তারিখঃ ২৬.১০.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, গাজীপুর।
২. জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীপুর, গাজীপুর।
৪. সভাপতি, সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর- আড়ারণ, শ্রীপুর, গাজীপুর।
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, সাগরিয়া বালিকা দাখিল মাদ্রাসা, ডাকঘর- আড়ারণ, শ্রীপুর, গাজীপুর।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোনঃ ৯৬৭৪৮৭৪